দৈনিক জনকণ্ঠ

NOV. 25 2001

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

সরকারের প্রতি হাইকোর্টের রুলনি...

# রাবি উপাচার্যের পদ থেকে সাঈদুর রহমানকে অপসারণ কেন অবৈধ ঘোষণা করা হবে না

সুপ্রীমকোর্ট রিপোর্টার ॥ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের পদ থেকে অধ্যাপক সাঈদুর রহমান খানকে অপসারণ কেন অবৈধ ঘোষণা করা হবে না– এই মর্মে হাইকোর্ট সরকারের ওপর রুলনিশি জারি করেছে। সেই সঙ্গে সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে আগামী ৪ সপ্তাহের মধ্যে এই রুলনিশির জবাব দাখিল করতে বলা হয়েছে। শনিবার বিচারপতি হামিদুল হক ও বিচারপতি ইমান আলী সমন্বয়ে গঠিত হাইকোর্ট ডিভিশন বেঞ্চ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক সাঈদুর রহমানের রিটের প্রেক্ষিতে এই আদেশ প্রদান করে। অধ্যাপক সাঈদুর রহমানকে গত ১১ নবেম্বর রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের পদ থেকে অব্যাহতি প্রদান করা হয়। ঐ বিশ্ববিদ্যালয়ের ফলিত রসায়ন ও রাসায়নিক প্রযুক্তিবিদ্যা বিভাগের অধ্যাপক ফাইসুল ইসলাম ফারুকীকে নতুন উপাচার্য নিয়োগ করা হয়। এর বিরুদ্ধে অব্যাহতিপ্রাপ্ত উপাচার্য সাঈদুর রহমান রিট দায়ের করেন। তাঁর পক্ষে রিটটি পরিচালনা করেন এ্যাডভোকেট একেএম আসাদুজ্জামান বাবু। তাঁকে সহায়তা করেন এ্যাডভোকেট আমিনুল হক হেলাল।